

## ফিনল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর ফোনালাপ

মহামান্য জনাব জুহা সিপিলা, ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সোমবার ফোনে কথা বলেন।

গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্সের ঐতিহাসিক এবং সফল বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী মোদীকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী সিপিলা।

ফেব্রুয়ারি, ২০১৬-তে শেষ বৈঠকের পর দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেন দুই নেতা, যখন প্রধানমন্ত্রী সিপিলা ভারত সফর করেছিলেন মুম্বইয়ে মেক ইন ইন্ডিয়া সপ্তাহে যোগদান করার জন্য। এ ছাড়াও দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগকে আরও মজবুত করার বিষয়ে আলোচনা করেন দুই নেতা।

নয়াদিল্লি

১১ জুলাই ২০১৭